

বাংলা ট্রিবিউন

দ্বিতীয়বারের মতো শুরু হলো আইসিবিএম

ব্র্যাক বিশ্ববিদ্যালয় প্রতিনিধি

প্রকাশিত: ১৯:১২, এপ্রিল ২৫, ২০১৯ | সর্বশেষ আপডেট: ১৯:৩৭, এপ্রিল ২৫, ২০১৯



ব্র্যাক

ইউনিভার্সিটির উদ্যোগে শুরু হলো 'ইন্টারন্যাশনাল কনফারেন্স অন বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্ট (আইসিবিএম)- ২০১৯'। আজ বৃহস্পতিবার রাজধানীস্থ হোটেল ওয়েস্টিনে শুরু হয়েছে শিক্ষার্থী, শিক্ষক ও গবেষকদের এই মিলনমেলা। দ্বিতীয়বারের মতো তিন দিনব্যাপী এই আন্তর্জাতিক সম্মেলনের আয়োজন করছে ব্র্যাক বিজনেস স্কুল। মূলত আজ সকল গবেষক ও শিক্ষার্থীদের উষ্ণ অভ্যর্থনা এবং পিএইচডি মানের অ্যাকাডেমিক পেপার এর প্রস্তাবনা ও কৌশলসমূহ নিয়ে একটি কর্মশালার মাধ্যমে আরম্ভ হয় এবারের আইসিবিএম-২০১৯ এর আসর। উক্ত কর্মশালায় বক্তব্য রাখেন প্রফেসর ড. তাজং-রু লি, মার্কেটিং বিভাগ, ন্যাশনাল চং হসিং ইউনিভার্সিটি, তাইওয়ান; মামুন হাবিব, সহযোগী অধ্যাপক ব্র্যাক বিজনেস স্কুল এবং প্রফেসর ড. মোঃ মাহবুব রহমান, ব্র্যাক বিজনেস স্কুল।

আগামীকাল শুক্রবারমাননীয় শিক্ষামন্ত্রী ড. দিপু মনি প্রধান অতিথি হিসেবে এই সম্মেলনের উদ্বোধন করবেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন ব্র্যাক ইউনিভার্সিটির ভাইস চ্যান্সেলর প্রফেসর ভিনসেন্ট চ্যাং, পিএইচডি। ব্র্যাক বিজনেস স্কুলের ডিন প্রফেসর মোহাম্মদ মাহবুব রহমানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে এসিআই গ্রুপের চেয়ারম্যান এম আনিস উদ দৌলা ও কনফারেন্সের প্রোগ্রাম চেয়ার মামুন হাবিব উপস্থিত থাকবেন। রবিবার সমাপনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন সংস্কৃতিবিষয়ক প্রতিমন্ত্রী কে এম খালিদ।

কনফারেন্সে ৪টি মূল প্রবন্ধ, ৯টি আমন্ত্রিত প্রবন্ধ, ৮টি শিল্প সংক্রান্ত প্রবন্ধ ও ২৮টি প্যারালাল সেশনে বিজনেস অ্যান্ড ম্যানেজমেন্টের বিভিন্ন বিষয়ের ওপর ১৭০টি প্রবন্ধ উপস্থাপিত হবে।

সম্মেলনের বিভিন্ন অধিবেশনে ২৫০ জন অংশগ্রহণ করবেন। যার মধ্যে রয়েছেন মালয়েশিয়া, যুক্তরাজ্য, সিঙ্গাপুর, থাইল্যান্ড, সুইডেন, কানাডা, নাইজেরিয়া, তাইওয়ান ও ভারতসহ ১১ দেশের ৪০ জন দেশি-বিদেশি শিক্ষক-গবেষক। সম্মেলনের শেষ দিনে 'ইন্ডাস্ট্রি টক'এর আয়োজন করা হয়েছে যেখানে দেশের বিভিন্ন প্রতিষ্ঠিত শিল্প প্রতিষ্ঠান এর শীর্ষ ব্যক্তিবর্গ বক্তব্য রাখবেন।

আন্তর্জাতিক এই সম্মেলনটির প্লাটিনাম স্পন্সর এসিআই লিমিটেড। গোল্ড স্পন্সর হিসেবে রয়েছে ব্র্যাক ব্যাংক, আবদুল মোনেম লিমিটেড, আইপিডিসি ফিনান্স লিমিটেড ও রানার মটরস লিমিটেড এবং সিলভার স্পন্সর হচ্ছে মিউচুয়াল ট্রাস্ট ব্যাংক ও বিকাশ।